

## সার্ভিসের নামঃ পয়েন্ট টু পয়েন্ট (P2P) ডাটা/ভিপিএন সার্ভিস (Level-2/ Level-3)

Internet (LLI) সংযোগের সাধারণ নিয়মাবলী :

- ১.১ ক) সংযোগ ফি প্রতি সংযোগের জন্য ৫,০০০/- টাকা। তবে একই সাথে ১০০ টির অধিক সংযোগের ক্ষেত্রে প্রতি সংযোগ ফি ৩,০০০/- টাকা।  
খ) সংযোগের জন্য ন্যূনতম এক মাসের সাধারণ ভাড়া/চার্জ অঙ্গীম প্রদান করতে হবে।  
গ) নৃতন সংযোগ গ্রহণের ক্ষেত্রে গ্রাহকগণ একমাসের সাধারণ ভাড়া/চার্জের সমপরিমাণ অর্থ জামানত হিসেবে প্রদান করবেন, যা সংযোগ বিচ্ছিন্নের সময় সমন্বয় করা হবে।  
ঘ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে জামানত প্রদানের নিয়ম প্রয়োজন হবে না।  
ঙ) যোগাযোগ ও সার্ভিস প্রদানঃ উপ-মহাব্যবস্থাপক(ব্রড ব্যান্ড-১), মগবাজার টেলিফোন ভবন, মগবাজার, ঢাকা।
- ১.২ Downgrade charge : প্রযোজ্য নহে।
- ১.৩ ক) Upgradation charge : প্রযোজ্য নহে (ব্যান্ডউইথ খালি থাকা সাপেক্ষে)।  
খ) Instant Upgradation charge: চার্জ প্রযোজ্য নহে। ব্যান্ডউইথ খালি থাকার সাপেক্ষে এই সুবিধা প্রদান করা হবে। মেয়াদ ন্যূনতম ১ দিন হবে। গ্রাহককে Instant Upgradation সুবিধা নেয়ার জন্য আলাদা ডিপোজিট রাখতে হবে এবং Instant Upgradation কৃত ব্যান্ডউইথ এবং সময়, ডিপোজিটের পরিমানের উপর নির্ধারিত হবে।  
চার্জঃ গ্রাহকের সংযোগকৃত ব্যান্ডউইথ স্বাভাবিক চার্জের ১০% বেশী। তবে উক্ত সময় ১৫(পনের) দিনের বেশী হলে স্বাভাবিক হারে দিনের গুনিতক হিসাবে চার্জ প্রযোজ্য হবে।
- ১.৪ শিফটিং চার্জঃ
  - ক) ২,০০০/- টাকা প্রতি সংযোগ(লোকাল লুপ শিফটিং অর্তভুক্ত নহে)।
  - খ) ১০০০/- (ব্যান্ডউইথ) প্রতি ঘটনায়।
  - গ) ৫০০০/- (লোকাল লুপ শিফটিং ঠিকানাসহ)।
- ১.৫ মালিকানা/নাম পরিবর্তনের ক্ষেত্রে প্রতি সংযোগের জন্য সর্বনিম্ন ২০০০/- তবে অধিক সংযোগের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০,০০০/- প্রদান করতে হবে। তবে সরকারী/আধা-সরকারী/স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে সরকারী প্রয়োজনে নাম পরিবর্তনের জন্য এ নিয়ম প্রয়োজন হবে না।
- ১.৬ গ্রাহক প্রান্তের যন্ত্রপাতি (মিডিয়া কনভার্টার, এসএফপি মডিউল, প্যাচকর্ড, রাউটার/সুইচ, LAN ক্যাবল ইত্যাদি) গ্রাহক নিজে সরবরাহ করবেন। লোকাল লুপ বা লাঈল মাইল সলুশন (বিটিসিএল POP হতে গ্রাহক প্রান্ত পর্যন্ত অপটিক্যাল ফাইবার ক্যাবল) গ্রাহক নিজেও সরবরাহ করতে পারেন বা নির্ধারিত ভাড়া প্রদান সাপেক্ষে বিটিসিএল এর ফাইবার ব্যবহার করতে পারবেন।
- ১.৭ ব্যাকআপ পোর্টঃ গ্রাহকগণ যে কোন POP এর একটি পোর্ট হতে সংযোগ গ্রহণ করতে পারবেন। তবে একটি পোর্ট হতে ৫০০ এমবিপিএস এর বেশী ব্যান্ডউইথ ব্যবহারকারী গ্রাহকগণ পোর্ট চার্জ ব্যতীত একটি অতিরিক্ত ব্যাকআপ পোর্ট প্রাপ্ত হবেন। এর অতিরিক্ত পোর্ট গ্রহণ করতে চাইলে প্রাপ্তি সাপেক্ষে পোর্ট প্রতি ৫,০০০/- টাকা পোর্ট চার্জ প্রদান করতে হবে।
- ১.৮ স্বল্পকালীন সংযোগঃ স্বল্পকালীন সংযোগের ক্ষেত্রে ন্যূনতম ১ মাসের বিল প্রদান করতে হবে। তবে ৫০০ এমবিপিএস এর চেয়ে বেশী ব্যান্ডউইথ গ্রহনকারী গ্রাহক অথবা সরকারী/স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠান এর ক্ষেত্রে ন্যূনতম ১৫ দিন অথবা সংযোগকালীন সময়ের বিল প্রদান করতে হবে।
- ১.৯ IIG ও ISP গ্রাহকদের ক্ষেত্রে সর্বমোট গৃহিত ব্যান্ডউইথ চার্জের উপর ১৫% ডিসকাউন্ট প্রযোজ্য হবে এবং ১০০ বা এর অধিক সংখ্যক সংযোগ গ্রহণকারী ISP গ্রাহকগণ অতিরিক্ত ৫% এবং ৫০০ বা এর অধিক সংখ্যক সংযোগ গ্রহণকারী ISP গ্রাহকগণ অতিরিক্ত ১০% প্রাপ্ত হবেন।

এই ক্যাটাগরীর গ্রাহকগণের জন্য নিম্নরূপ মাসিক চার্জ নির্ধারিত হবে:

ব্যান্ডউইথ (Mbps)	টাকা/Mbps
২ - ৫	৩০০
৬ - ১৯	২৬৫
২০- ৪৯	২৩৫
৫০ - ১৪৯	১৯০
১৫০ - ২৯৯	১৫০
৩০০ - ৪৯৯	১২০
৫০০-৯৯৯	৮৫
১০০০-২৯৯৯	৮০
৩০০০ -৪৯৯৯	৩৫
৫০০০-৯৯৯৯	৩০
১০০০০ বা ততোধিক	৩০

## ২. বিটিসিএল-এর অপটিক্যাল লোকাল লুপ (OFC Local Loop) এর ভাড়া:

এককালীন সংযোগ মূল্য - সংযোগ প্রতি ৫,০০০/- টাকা এবং প্রতি কোর ফাইবারের মাসিক ভাড়া প্রথম ৫০০ মিটার পর্যন্ত সর্বনিম্ন ১,০০০/- টাকা এবং পরবর্তি প্রতি কোর প্রতি মিটার ১.৫০ টাকা হবে। পার্বত্য তিন জেলার জন্য পরবর্তি প্রতি কোর প্রতি মিটার ১.৯৫ টাকা হবে। তবে শিক্ষা প্রতিষ্ঠান, সরকারী প্রতিষ্ঠান ক্যাটাগরির গ্রাহকগণ যদি অধিক দূরত্বের অপটিক্যাল লোকাল লুপ হিসেবে ব্যবহার করেন তাহাদের প্রতি কোর ফাইবারের মাসিক ভাড়া সর্বোচ্চ ১৫০০০/- টাকা প্রদান করবেন।

\*\*\*সকল সংযোগের ক্ষেত্রে বিধি মোতাবেক ভ্যাট বা অন্যান্য চার্জ প্রযোজ্য হবে\*\*\*